

প্রথম যুগের উদয়দিগঙ্গনে
 প্রথম দিনের উষা নেমে এল যবে
 প্রকাশপিয়াসী ধরিত্রী বনে বনে
 শুধায়ে ফিরিল সুর খুঁজে পাবে কবে ॥
 এসো এসো সেই নব সৃষ্টির কবি
 নবজাগরণযুগপ্রভাতের রবি—
 গান এনেছিলে নব ছন্দের তালে
 তরুণী উষার শিশিরস্নানের কালে
 আলো-আঁধারের আনন্দবিপ্লবে ॥
 সে গান আজিও নানা রাগরাগিণীতে
 শুনাও তাহারে আগমনীসঙ্গীতে
 যে জাগায় চোখে নূতন দেখার দেখা ।
 যে এসে দাঁড়ায় ব্যাকুলিত ধরণীতে
 বননীলিমার পেলব সীমানাটিতে,
 বহু জনতার মাঝে অপূর্ব একা ।
 অবাক্ আলোর লিপি যে বহিয়া আনে
 নিভৃত প্রহরে কবির চকিত প্রাণে,
 নব পরিচয়ে বিরহব্যথা যে হানে
 বিশ্বল প্রাতে সঙ্গীতসৌরভে
 দূর আকাশের অরুণিম উৎসবে ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Kafi-Kanara
 Visit www.geetabitan.com for notation and other detail